গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন
১ম ১২ তলা সরকারি অফিস ভবন
সেগুনবাগিচা, ঢাকা
www.btc.gov.bd

নম্বর-২৬.০১.০০০০.০১২.১১.০০২.২৪-১০৮১

তারিখ : ১৬ ভাদ্র ১৪৩২ / ৩১ আগস্ট ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের নিম্নোক্ত শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে (**https://btc.teletalk.com.bd** ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রম. | পদের নাম ও জাতীয় বেতন স্কেল/২০১৫ | বয়স | পদের সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ১৮-৩২ বৎসর | ০৫ (পাঁচ) টি | (ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি, টাইপিং ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি নিম্নরূপ থাকতে হবে:<br>(১) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ; এবং<br>(২) ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। |
| ০২. | গাড়িচালক ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬) | ১৮-৩২ বৎসর | ০৪ (চার) টি | অষ্টম শ্রেণি পাশসহ হালকা ও ভারী মোটরযান চালানোর বৈধ লাইসেন্স। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাবেন। |
| ০৩. | অফিস সহায়ক ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | ১৮-৩২ বৎসর | ০১ (এক) টি | অষ্টম শ্রেণি পাশ। |
| ০৪. | নিরাপত্তা প্রহরী ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | ১৮-৩২ বৎসর | ০১ (এক) টি | অষ্টম শ্রেণি পাশ। |
| ০৫. | পরিচ্ছন্নতা কর্মী ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | ১৮-৩২ বৎসর | ০১ (এক) টি | অষ্টম শ্রেণি পাশ, তবে ঝাড়ুদার পদে পেশাগত ঝাড়ুদার শ্রেণীর প্রার্থী অগ্রাধিকার পাবেন এবং তার ক্ষেত্রে উক্ত শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য হবে। |

**নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

১। আবেদনকারীর বয়স **০১/০৯/২০২৫** তারিখে সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩২ বছর হতে হবে। মাধ্যমিক বা সমমানের পরীক্ষার সনদে উল্লেখিত জন্ম তারিখের ভিত্তিতে বয়স প্রমাণিত হবে, অ্যাফিডেভিট গ্রহণযোগ্য নয়;

২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদন করার সময় বিভাগীয় প্রার্থী কর্তৃক Departmental Candidate-এর তথ্য উল্লেখপূর্বক অবশ্যই নির্দিষ্ট ঘর পূরণ করতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে, বিভাগীয় প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে অনাপত্তি গ্রহণ করতে হবে এবং অনাপত্তির মূলকপি মৌখিক পরীক্ষা গ্রহণকালে অবশ্যই প্রদর্শন করতে হবে;

৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩ জুলাই ২০২৪ তারিখের স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪.১৪১ এর মাধ্যমে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী কোটা নির্ধারণ করা হবে;

৪। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না;

৫। মৌখিক পরীক্ষার সময় আবেদনে উল্লিখিত সকল কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) সনদ এর কপি, প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, ইউনিয়ন

পরিষদ এর চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট এর কপি, জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্র এর কপি ও সকল সনদপত্র এবং কাগজপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি জমা দিতে হবে;

৬। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন এবং পূর্ণাঙ্গ/আংশিক বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

৭। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা থাকলে তা আবেদনে উল্লেখ করতে হবে; অন্যথায় পরবর্তীতে উক্ত শিক্ষাগত যোগ্যতা কোন ক্রমেই গ্রহণ করা হবে না;

৮। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান হলে অথবা ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের হলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে আবেদনকারীর সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/প্রশাসক/ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক বা পৌরসভার প্রশাসক/মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটা প্রার্থীদের ক্ষেত্রেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে;

৯। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোনো পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে;

১০। **আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ **https://btc.teletalk.com.bd** ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন করতে পারবেন।

**আবেদনের সময়সীমা নিম্নরূপ:**

i Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৩/০৯/২০২৫ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা।

ii Online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৩/০৯/২০২৫ খ্রি. বিকাল ০৫.০০ ঘটিকা। উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বায়াত্তর) ঘটার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থীর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) pixel এবং রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তীতে সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এবং এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's Copy প্রার্থী রঙিন প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ০১ হতে ০২ নং ক্রমিকের পদের জন্য নিয়োগ পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ

(ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- (বার) টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা এবং ০৩ হতে ০৫ নং ক্রমিকের পদের জন্য নিয়োগ পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-(ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘণ্টার মধ্যে জমা দিবেন। তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীগণ পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS**: **BTC**<space>**User ID** লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example: BTC ABCDEF

Reply: Applicant's Name, Tk. 112 or Tk. 56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BTC<space>Yes<space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

**দ্বিতীয় SMS**: **BTC**<space>**YES**<space>**PIN** লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example: BTC YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BTC Application for the post of xxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://btc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে শুধুমাত্র যোগ্য প্রার্থীদের যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি সংবলিত প্রবেশপত্র প্রার্থী ডাউনলোডপূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk Pre-paid Mobile নম্বর থেকে প্রার্থী নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

**User ID জানা থাকলে:**

**BTC**<space>**Help**<space>**User**<space>**User ID** & send to 16222

Example: BTC Help User ABCDEF

**PIN Number জানা থাকলে:**

**BTC**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & send to 16222.

Example: BTC Help PIN 12345678

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন-এর www.btc.gov.bd ওয়েবসাইটে এবং https://btc.teletalk.com.bd অথবা **QR code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.btc.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) Online আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে কল করুন ১২১-এ অথবা ই-মেইল করুন **systemanalyst@btc.gov.bd** অথবা **alljobs.query@teletalk.com.bd** ই-মেইল আইডিতে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: BTC, Dhaka, Post Name: *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার

পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১১। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করতে পারবে। নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন-এর ওয়েবসাইটে প্রবেশের **QR Code**

বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন-এর টেলিটক পোর্টালে প্রবেশের **QR Code**

৩১.০৮.২০২৫

**(মোঃ সফিকুল ইসলাম)**
পরিচালক (প্রশাসন ও অর্থ)
(উপসচিব)